# বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

তারিখ: সেপ্টেম্বর ২০২৫

নথি নং-প্রশাসন/২১/

১। এই প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী এবং অভিভাবককে জানানো যাচ্ছে যে, প্রযুক্তির উন্নতি ও অগ্রগতির সঙ্গে সঙ্গে অপরাধের ধরন পাল্টে যাচ্ছে। সম্প্রতি অজ্ঞান ও মলম পার্টির তৎপরতা শহর-নগর সবখানেই ভয়াবহ রূপ নিয়েছে। প্রায় প্রতিদিন দেশের বিভিন্ন জায়গায় মলম পার্টির খপ্পরে পড়ে টাকা-পয়সাসহ মূল্যবান দ্রব্যসামগ্রী হারাচ্ছে মানুষ। অজ্ঞান পার্টি কর্তৃক খাওয়ানো নেশাদ্রব্যের বিষক্রিয়ায় কেউ কেউ প্রাণও হারাচ্ছে। অজ্ঞান পার্টির সদস্যদের নিকট হতে সাধারণত চেতনা নাশক ট্যাবলেট যেমন- Nitrazepam, Lexotanil, Epitra, Sedil, Clonazepam, Dormicum সহ Rubbing Balm পাওয়া গিয়েছে। এক্ষেত্রে অজ্ঞান পার্টির সদস্যরা উপর্যুক্ত ঔষধ মিশ্রিত খাদ্যদ্রব্য যেমন- চা,কফি, জুস, ডাবের পানি, পান, ক্রিম জাতীয় বিস্কুট ইত্যাদি ব্যবহার করে। তাদের খপ্পরে পড়ে প্রতিনিয়ত অনেকের উৎসব-আনন্দের সময়টা পরিণত হচ্ছে বিষাদে।

২। **তবে নিম্নবর্ণিত সচেতন ও সতর্কতা অবলম্বন করলে এদের হাত থেকে অনেকটা নিরাপদ থাকা সম্ভবঃ**

ক। আমাদের উচিত ভ্রমণ পথে অপরিচিত কেউ অহেতুক ঘনিষ্ঠ হওয়ার চেষ্টা করলে তাকে পাত্তা না দেওয়া।

খ। পাশের সিটের কেউ সখ্য গড়ে তুলতে চাইলে এবং এক সময় বিভিন্ন খাবার খেতে বললে বুদ্ধিমানের কাজ হবে তা খাওয়া থেকে বিরত থাকা।

গ। ফুটপাত বা রাস্তার মোড়ে টং দোকান থেকে খাবার গ্রহণ থেকেও বিরত থাকা।

ঘ। ভ্রমণের সময় সবচেয়ে ভালো হবে চকলেট, আইসক্রিম, সিগারেট জাতীয় কিছু গ্রহণ না করা।

ঙ। আজকাল ডাবের ভেতরে আগে থেকেই সিরিঞ্জের মাধ্যমে চেতনানাশক মিশিয়ে রাখা হয়। তাই কখন কোথা থেকে তৃষ্ণা নিবারণ করছেন, উচিত হবে সে ব্যাপারে সচেতন থাকা।

চ। যাত্রাপথে নগদ অর্থ বা মূল্যবান দ্রব্য নিরাপদে রাখতে হবে। চেষ্টা করতে হবে ভ্রমণের সময় পরিচিত কাউকে সঙ্গে রাখার। নিজে সচেতন হোন, অন্যকে সচেতন করুন। সর্বোপরি মলম ও অজ্ঞান পার্টির খপ্পর থেকে সর্বদা সাবধানে থাকুন

৩। এছাড়াও স্কুল ও কলেজ শাখার বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,। পঞ্চম, অষ্টম ও এসএসসি'তে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য হ্যাক করে প্রতিষ্ঠানের হিসাব শাখার নাম ভাঙিয়ে বিভিন্নভাবে প্রলোভন দেখিয়ে প্রতারণার চেষ্টা করা হচ্ছে।

৪। এ প্রেক্ষিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের কোনো প্রকার ওটিপি/ পাসওয়ার্ড/ ব্যাংক একাউন্ট/কার্ডের নাম্বারসহ যেকোনো তথ্য অন্যকে প্রদান থেকে বিরত থাকতে অনুরোধ করা হচ্ছে।

৫। পাশাপাশি যেকোনো ধরনের নগদ লেনদেন পরিহারপূর্বক প্রতারক চক্র থেকে সাবধান থাকার জন্য অনুরোধ করা হলো।

**বিশেষ দ্রষ্টব্যঃ** মাউশি কর্তৃক মেধা/সাধারণ বৃত্তির অর্থ প্রত্যেক শিক্ষার্থীর স্ব স্ব ব্যাংক হিসাবে জমা হবে। এতে অন্য কোনো মাধ্যমের/সহায়তার দরকার নেই।

মোঃ মাসুদ রানা
কর্নেল
অধ্যক্ষ